বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং: ৩২/২০২৬

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩ / ২২ এপ্রিল ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:, গাজীপুর এ নিম্নবর্ণিত পদসমূহে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগ/প্যানেল প্রস্তুতির নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতনস্কেল, ২০১৫ | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১। | সহকারী ব্যবস্থাপক (জেনারেল) | ৬ টি | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০২। | সহকারী ব্যবস্থাপক (ভল্ট) | ১ টি | ৯ম | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৩। | সহকারী ব্যবস্থাপক (উৎপাদন) | ১ টি | ৯ম | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল/তড়িৎকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি অথবা এ.এম.আই.ই-এর 'এ' এবং 'বি' সেকশন পাস। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম শ্রেণি/বিভাগ থাকতে হবে। |
| ০৪। | সহকারী ব্যবস্থাপক (এক্সামিনেশন) | ১ টি | ৯ম | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৫। | অফিসার (জেনারেল) | ৭ টি | ১০ম | ১৬০০০-৩৮৬৪০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম শ্রেণি/বিভাগ থাকতে হবে। |
| ০৬। | অফিসার (এক্সামিনেশন) | ১ টি | ১০ম | ঐ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যেকোন ২টিতে ১ম বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৭। | অফিসার (উৎপাদন) | ৬ টি | ১০ম | ঐ | যন্ত্রকৌশল/তড়িৎকৌশল/শিল্প উৎপাদন/ গ্রাফিক আর্টস/প্রিন্টিং টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৮। | উপ-সহকারী প্রকৌশলী/সহকারী কারিগরি কর্মকর্তা (বিদ্যুৎ) | ১ টি | ১০ম | ঐ | তড়িৎকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ০৯। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ১ টি | ১০ম | ঐ | পুরকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১০। | টেকনিশিয়ান (সিভিল) (পুরুষ) | ১ টি | ১৬তম | ৯৩০০-২২৪৯০/- | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কারিগরী শিক্ষা বোর্ড/যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন/ আওতাধীন ইন্সটিটিউট/প্রতিষ্ঠান থেকে পুরকৌশল বিষয়ে ন্যূনতম ৬ মাস মেয়াদী ট্রেড কোর্স থাকতে হবে।<br>অথবা, পুরকৌশল বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>উভয় ক্ষেত্রেই সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১১। | সহকারী | ৭ টি | ১৬তম | ঐ | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১২। | প্রোডাকশন চেকার (পিসি) (পুরুষ) | ১৩ টি | ১৬তম | ঐ | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১৩। | ইন্টারনাল চেকার (আইসি) (পুরুষ) | ১৩ টি | ১৬তম | ঐ | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১৪। | পরীক্ষক | ২৭ টি | ১৬তম | ঐ | এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। |
| ১৫। | গাড়ী চালক (পুরুষ) | ২ টি | ১৬তম | ঐ | ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ ভারী যানবাহন চালনায় লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৬। | ফর্ক লিফট অপারেটর (পুরুষ) | ৫ টি | ১৬তম | ঐ | ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ১৭। | পাচক (পুরুষ) | ২ টি | ২০তম | ৮২৫০-২০০১০/- | এসএসসি/সমমান পাশসহ খ্যাতনামা হোটেল/রেস্টুরেন্ট/সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে পাচক হিসেবে ৩ বছরের কর্ম অভিজ্ঞতা এবং দেশি ও বিদেশি রান্নায় পারদর্শী হতে হবে। |

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতনস্কেল, ২০১৫ | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১৮। | জুনিয়র কেয়ারটেকার (পিয়ন) | ২ টি | ২০তম | ৮২৫০-২০০১০/- | এসএসসি/সমমান পাশ। |
| ১৯। | জুনিয়র কেয়ারটেকার (ক্লিনার) | ৩ টি | | | |
| ২০। | জুনিয়র কেয়ারটেকার (সার্ভিস বয়) | ২ টি | | | |
| ২১। | নিরাপত্তা প্রহরী (পুরুষ-০৬, নারী-০৪) | ১০ টি | ২০তম | ঐ | ন্যূনতম ২য় বিভাগে এসএসসি/সমমান পাশ হতে হবে। প্রতিরক্ষা/পুলিশ বাহিনীর নায়েক/সমমানের পদ হতে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করা হবে। শারীরিক উচ্চতা পুরুষ প্রার্থীদের ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলা প্রার্থীদের ন্যূনতম ৫ ফুট ২ ইঞ্চি। |
| ২২। | জুনিয়র টেকনিশিয়ান (উৎপাদন নিয়ন্ত্রণ) (পুরুষ) | ২ টি | ২০তম | ঐ | এসএসসি/সমমান পাশ। এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |
| ২৩। | জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল) (পুরুষ) | ১ টি | ২০তম | ঐ | এসএসসি/সমমান পাশ। সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |
| ২৪। | জুনিয়র টেকনিশিয়ান (উৎপাদন) | ১১ টি | ২০তম | ঐ | এসএসসি/সমমান পাশ। সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি (ভোকেশনাল) অগ্রাধিকার পাবে। |

২। **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ০৪/০৬/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৩। **ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময় : ০৭/০৬/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৪। আবেদন ফি: অফেরতযোগ্য টাঃ ২০০/- Bangla QR এর মাধ্যমে আবেদনের সময় প্রদান করতে হবে।

৫। (ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(গ) O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

৬। বয়স (০১/১২/২০২৫ তারিখে)

ক) ৯ম ও ১০ম গ্রেডভুক্ত পদসমূহের জন্য ২১ হতে ৩২ বছর।

খ) ১৬তম ও ২০তম গ্রেডভুক্ত পদসমূহের জন্য ১৮ হতে ৩২ বছর।

গ) বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।

ঘ) বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। ১৮, ১৯ ও ২০ নং ক্রমিকে বর্ণিত 'জুনিয়র কেয়ারটেকার (পিয়ন)', 'জুনিয়র কেয়ারটেকার (ক্লিনার)' ও 'জুনিয়র কেয়ারটেকার (সার্ভিস বয়)' পদ তিনটির ক্ষেত্রে একটি আবেদনের মাধ্যমে পছন্দক্রম নির্ধারণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এ তিনটি পদের ক্ষেত্রে Online আবেদনে প্রার্থীগণকে উল্লিখিত পদ তিনটি বিবেচনায় নিয়ে পদ পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে সরকারি কোটাবিধি, তাদের অর্জিত মেধাক্রম এবং online আবেদনে উল্লেখিত পছন্দক্রম অনুসারে সংশ্লিষ্ট পদে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে। আবেদন দাখিলের পর আবেদনকৃত পদ পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়।

৮। **অফিসার (উৎপাদন), উপ-সহকারী প্রকৌশলী/সহকারী কারিগরি কর্মকর্তা (বিদ্যুৎ) এবং উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদের ক্ষেত্রে প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রী থাকলেও বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ডের অধীনে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে আবশ্যিকভাবে ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রী অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রী গ্রহণযোগ্য হবে না।**

৯। আগ্রহী প্রার্থীদেরকে **২৮/০৪/২০২৬** তারিখ হতে **০৪/০৬/২০২৬** তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। সকল পদের ক্ষেত্রে **০৪/০৬/২০২৬** তারিখ বা তৎপূর্বে যাদের সংশ্লিষ্ট পদের জন্য যাচিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার ফলাফল প্রকাশিত হবে/হয়েছে শুধুমাত্র তারা আবেদনের যোগ্য হবেন।

১০। আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী (erecruitment.bb.org.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১। যাদের বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ CV রয়েছে, তারা তাদের উক্ত CV -এর মাধ্যমেই আবেদন করবেন। প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি/সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে। নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, ১১ ডিজিটের মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিবেন। তবে, যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রের তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

১২। অনলাইনে আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১৩। **অনলাইনে আবেদন করার পর সংশ্লিষ্ট প্রার্থী Bangla QR code সম্বলিত একটি Payment Page পাবেন। মোবাইল ফোনের Payment App (Bangla QR সাপোর্ট করে এরূপ ব্যাংক/MFS) এর মাধ্যমে Bangla QR স্ক্যান করে টাঃ ২০০/- আবেদন ফি হিসেবে পরিশোধ করতে হবে। ফি প্রদান করার পর প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে। SMS প্রাপ্তির পর ওয়েবসাইটে প্রার্থীকে Verify Payment Link-এ Click করে Payment Verification সম্পন্ন করতে হবে, অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে। Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদর্শন করা হবে। Payment Confirm করার পর প্রার্থী Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে Tracking Page টি প্রয়োজন হবে। Payment Verification না করলে আবেদন অসম্পূর্ণ অবস্থায় বাতিল হবে এবং payment refund এর সুযোগ থাকবে না।**

১৪। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

১৫। চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৬। আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সনদ জমা দিতে হবে।

১৭। পদের সংখ্যা কম/বেশী হতে পারে।

১৮। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৯। কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
**(মোঃ শহীদ রেজা)**
পরিচালক (এইচআরডি-১)